

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হাসপাতাল ও ক্লিনিক শাখা
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।



স্মারক নং-স্বাঃঅধিঃ/হাসঃ/হাসপাতাল নির্দিষ্টকরণ/২০২০/৭৬৫

তারিখঃ ২০-০৬-২০২০খ্রিঃ।

বিষয়ঃ সকল সরকারি হাসপাতালে কোভিড আক্রান্ত চিকিৎসক, নার্স ও স্বাস্থ্যসেবা প্রদানকারীদের সুচিকিৎসা নিশ্চিতকরণ প্রসংগে।

আপনি সম্যক অবহিত আছেন যে, সারা বিশ্বের মত বাংলাদেশেও কোভিড-১৯ রোগের প্রাদুর্ভাব চলছে। চিকিৎসক, নার্স ও অন্যান্য স্বাস্থ্যসেবা প্রদানকারী এ ক্ষেত্রে সম্মুখযোদ্ধা। ইতিমধ্যে অনেক চিকিৎসক, নার্স ও স্বাস্থ্যসেবা প্রদানকারী আক্রান্ত হয়েছেন এবং অনেকেই মৃত্যু বরণ করেছেন। কিন্তু চিকিৎসক, নার্স ও স্বাস্থ্যসেবা প্রদানকারীদের দ্রুত রোগ সনাক্ত ও সুচিকিৎসার ব্যবস্থা না করতে পারলে কোভিড ও নন-কোভিড উভয় ধরনের চিকিৎসা ব্যবস্থায় অপূরণীয় ক্ষতি হবে এবং চলমান চিকিৎসা ব্যবস্থাও ব্যহত হবে।

এমতাবস্থায় সকল সরকারি হাসপাতালে অগ্রাধিকার ভিত্তিতে কোভিড আক্রান্ত চিকিৎসক, নার্স ও অন্যান্য স্বাস্থ্যসেবা প্রদানকারীদের সুচিকিৎসার ব্যবস্থা করতে নির্দেশ দেয়া হলো।

ইহাতে মহাপরিচালক মহোদয়ের সম্মতি রয়েছে।

Dr. Aminul Hasan
(ডাঃ মোঃ আমিনুল হাসান)

পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক সমূহ)

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২

Email:directorhospital@ld.dghs.gov.bd

ফোন: ০২-৫৫০৬৭১৫০ ফ্যাক্স নং: ৫৫০৬৭১৫১

বিতরণঃ

১. পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল (সকল)।
২. তত্ত্বাবধায়ক সদর হাসপাতাল (সকল)।
৩. সিভিল সার্জন (সকল)।
৪. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (UHFPO) (সকল)।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) সদয় অবগতির জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃআঃ উপ-পরিচালক, সমন্বয়)
- ২। অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সভাপতি/মহাসচিব, বাংলাদেশ মেডিকেল এ্যাসোসিয়েশন (বিএমএ), ঢাকা।
- ৪। সভাপতি, ন্যাশনাল টেকনিক্যাল এ্যাডভাইজরী কমিটি।